



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ নিয়োগ শাখা
www.mopa.gov.bd



স্মারক নং ০৫.০০.০০০০.১৩৮.১৮.০২৫.২১.৫৮০

তারিখ : ১২ আশ্বিন ১৪২৮
২৭ সেপ্টেম্বর ২০২১


শোক বার্তা

জনাব এ কে এম মোয়াজ্জেম হোসেন (৫২৪০), সিনিয়র সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত গত ৩০.০৩.২০২১ খ্রি. তারিখ ইন্তেকাল করেছেন (ইম্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। জনাব এ কে এম মোয়াজ্জেম হোসেন (৫২৪০) ০৪.০৬.১৯৬৪ খ্রি. তারিখে চট্টগ্রাম জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি গত ২০.১২.১৯৮৯ খ্রি. তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৮ম ব্যাচের একজন কর্মকর্তা ছিলেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি মাঠ প্রশাসনসহ মন্ত্রণালয় ও বিভিন্ন দপ্তরে দায়িত্ব পালন করেন।

০৩। জনাব এ কে এম মোয়াজ্জেম হোসেন (৫২৪০) চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। তিনি মৃত্যুকালে স্ত্রী, এক পুত্র ও দুই কন্যা সন্তান, বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব এ কে এম মোয়াজ্জেম হোসেন (৫২৪০) এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।


(কে এম আলী আজম)
সিনিয়র সচিব